এজন্য তিন দিন অপেক্ষা করার প্রয়োজন হয় না। এ সময় শিশুকে অন্য কোনো খাবার দিলে তার হেট পেট ভরে থাকবে, মায়ের দুধ খেতে চাইবে না এবং মায়ের বুকে দুধ দেয়তে আসবে।

ভুল ধারণা— নবজাতক বা শিশু সঠিক— তিন দিন পর যখন মায়ের বুকের দুধ শুকিয়ে যায়।

সঠিক— সিজারিয়ান ডেলিভারি হলেও মায়ের বুকে ভালোভাবে দুধ আসতে পারে, যদি জন্মের সঙ্গে সঙ্গে শিশুকে মায়ের দুধ খেতে দেওয়া হয়। অপারেশনের পর মা শুয়ে শুয়ে শিশুকে দুধ খাওয়াতে পারবেন, তবে এ সময় হাসপাতালের দক্ষ সহযোগিতা প্রয়োজন। শিশু যদি খুব ছোট হয় এবং মায়ের বুকের দুধ খেতে পারে না, তখন প্রয়োজনে মায়ের দুধ বা মাছ মাংস ইত্যাদি বা বোল জাতীয় খাবার খেলে শিশুর ঠান্ডা লাগে বা কাশি হ় এবং মায়ের বুকের দুধের ওপর খারাপ প্রভাব

বেসন যদি পানিতে ভেসে না ওঠে, তাহলে আরও অল্প একটু পানি দিয়ে বেসন ফেটিয়ে নেবেন। বেসনের গোলায় ফুড কালার বা জাফরান মিশিয়ে নিন। এবার আন্ত ধারণা পোষণ করেন, যা মা ও শিশুর জন্য ক্ষতিকর।

ভুল ধারণা— সন্তান প্রসবের পর প্রথম তিন দিন মায়ের বুকের দুধ আসে না, তাই এই সময় শিশুকে মধু, মিসরিচর জল বা অন্য কোনো দুধ খাওয়াতে হবে।

ভুল ধারণা— নবজাতক বা শিশু বুকের দুধ দিতে হবে। ওই সময় মায়ের বুকে যতটুকু শাদমধু আসে ততটুকুই শিশুর জন্য যথেষ্ট। শিশু যত ঘন ঘন মায়ের বুকের দুধ পান করবে, তত তাড়াতাড়ি দুধ আসবে।

এজন্য তিন দিন অপেক্ষা করার প্রয়োজন হয় না। এ সময় শিশুকে অন্য কোনো খাবার দিলে তার হেট পেট ভরে থাকবে, মায়ের দুধ খেতে চাইবে না এবং মায়ের বুকে দুধ দেয়তে আসবে।

ভুল ধারণা— নবজাতক বা শিশু সঠিক— তিন দিন পর যখন মায়ের বুকের দুধ শুকিয়ে যায়।

সঠিক— সিজারিয়ান ডেলিভারি হলেও মায়ের বুকে ভালোভাবে দুধ আসতে পারে, যদি জন্মের সঙ্গে সঙ্গে শিশুকে মায়ের দুধ খেতে দেওয়া হয়। অপারেশনের পর মা শুয়ে শুয়ে শিশুকে দুধ খাওয়াতে পারবেন, তবে এ সময় হাসপাতালের দক্ষ সহযোগিতা প্রয়োজন। শিশু যদি খুব ছোট হয় এবং মায়ের বুকের দুধ খেতে পারে না, তখন প্রয়োজনে মায়ের দুধ বা মাছ মাংস ইত্যাদি বা বোল জাতীয় খাবার খেলে শিশুর ঠান্ডা লাগে বা কাশি হ় এবং মায়ের বুকের দুধের ওপর খারাপ প্রভাব

বেসন যদি পানিতে ভেসে না ওঠে, তাহলে আরও অল্প একটু পানি দিয়ে বেসন ফেটিয়ে নেবেন। বেসনের গোলায় ফুড কালার বা জাফরান মিশিয়ে নিন। এবার আন্ত ধারণা পোষণ করেন, যা মা ও শিশুর জন্য ক্ষতিকর।

ভুল ধারণা— সন্তান প্রসবের পর প্রথম তিন দিন মায়ের বুকের দুধ আসে না, তাই এই সময় শিশুকে মধু, মিসরিচর জল বা অন্য কোনো দুধ খাওয়াতে হবে।

ভুল ধারণা— নবজাতক বা শিশু বুকের দুধ দিতে হবে। ওই সময় মায়ের বুকে যতটুকু শাদমধু আসে ততটুকুই শিশুর জন্য যথেষ্ট। শিশু যত ঘন ঘন মায়ের বুকের দুধ পান করবে, তত তাড়াতাড়ি দুধ আসবে।

এজন্য তিন দিন অপেক্ষা করার প্রয়োজন হয় না। এ সময় শিশুকে অন্য কোনো খাবার দিলে তার হেট পেট ভরে থাকবে, মায়ের দুধ খেতে চাইবে না এবং মায়ের বুকে দুধ দেয়তে আসবে।

ভুল ধারণা— নবজাতক বা শিশু সঠিক— তিন দিন পর যখন মায়ের বুকের দুধ শুকিয়ে যায়।

সঠিক— সিজারিয়ান ডেলিভারি হলেও মায়ের বুকে ভালোভাবে দুধ আসতে পারে, যদি জন্মের সঙ্গে সঙ্গে শিশুকে মায়ের দুধ খেতে দেওয়া হয়। অপারেশনের পর মা শুয়ে শুয়ে শিশুকে দুধ খাওয়াতে পারবেন, তবে এ সময় হাসপাতালের দক্ষ সহযোগিতা প্রয়োজন। শিশু যদি খুব ছোট হয় এবং মায়ের বুকের দুধ খেতে পারে না, তখন প্রয়োজনে মায়ের দুধ বা মাছ মাংস ইত্যাদি বা বোল জাতীয় খাবার খেলে শিশুর ঠান্ডা লাগে বা কাশি হ় এবং মায়ের বুকের দুধের ওপর খারাপ প্রভাব

কী দিয়ে তৈরি হয় প্যাকেট দুধ?

দুধ আমাদের শরীরের অত্যন্ত প্রয়োজনীয় এখটা খাবার। আমাদের শরীরে অনেক ঘাটতি পূরণ করে দুধ। কিন্তু কখনও কি ভেবে দেখেছেন, দুধের মাধ্যমে শরীরের ঘাটতি পূরণ করতে গিয়ে উল্টে আরও ক্ষতি করে ফেলেছেন না তো? বাড়িতে বাচ্চা থেকে শুরু করে আমরা সবাই দুধ খেয়ে থাকি। বাচ্চাদের বেশি পরিমাণে দুধ খাওয়ানো

হয়। কারণ: এতে তাদের শরীরে অনেক উপকার হয়। শুধু তাই নয়, শরীরে পুষ্টির অভাব পূরণ করে দুধ। সেই দুধেই মেশানো হচ্ছে ভেজাল। এজন্য ভেজাল, যা শরীরের ক্ষতি করবে। বেশিরভাগ মানুষই দোকান থেকে প্যাকেট দুধ কিনে খান। সারা দেশে যত পরিমাণ দুধ বিক্রি হয়, তার বেশিরভাগটিই ভেজাল। এই ভেজাল দুধে মেশানো হচ্ছে

সাবান, কস্টিক সোডা, গ্লুকোজ, সাদা রং আর তেল। এই সমস্ত উপাদান দিয়েই তৈরি হচ্ছে পুরণ করে দুধ। এর সংখ্যাটা ৬৮ শতাংশ। মানে আমাদের দেশে ৬৮ শতাংশ প্যাকেট দুধই ভেজাল। সারা দেশে প্রায় ২ লক্ষ গ্রামে এই ভেজাল দুধ খাচ্ছে মানুষ। খুব তাড়াতাড়ি যাতে এই ভেজাল দুধ বিক্রি বন্ধ করা যায়। তার জন্য লোকসভায় আবেদন করা হয়েছে।

আচারের নাম শুনে জিভে জল চলে আসে সবারই। টক, মিষ্টি, ঝাল কত স্বাদেরই না হয় এই আচার। নানা রকম ফল দিয়ে আচার তৈরি করা যায়। চালতা সেরকমই একটি ফল। চালতার আচার তৈরিতে বামেলাও কম।

রইলা রেসিপি -

উপকরণ :-

চালতা- ১টি (বড়), রসুন- ২ কোয়া (কুঁচি), শুকনা মরিচ- ৫/৬টি, পানির স্ফোজন- ২ চা চামচ, হলুদ- আধা চা চামচ, সরিষার তেল- ১/৩ কাপ, চিনি ও লবণ- স্বাদ মতো।

প্রণালি : চালতার খোসা ছাড়িয়ে টুকরা

করে নিন। জলে হলুদ ও লবণ মিশিয়ে চালতার টুকরা সেদ্ধ করুন। চুলা থেকে নামিয়ে জল ও চালতা আলাদা করুন। ঠান্ডা হলে চালতার টুকরা চৌছে নিন। পাঁচফোড়ন ও শুকনা মরিচ একসঙ্গে গুঁড়া করুন। প্যানে তেল গরম করে রসুন কুচি ও মরিচ-পাঁচফোড়নের গুঁড়া ভাজুন। সুগন্ধ বের হলে চৌছে রাখা চালতার টুকরা দিয়ে নাড়তে থাকুন। আধা কাপ চালতা সেদ্ধ করা পানি ও পরিমাণ মতো চিনি দিয়ে নাড়তে থাকুন। সামান্য লবণ দিন। চালতা নরম হয়ে আসলে নামিয়ে ঠান্ডা করুন। মুখবন্ধ ব্যাগে সংরক্ষণ করুন চালতার আচার।

আচারের নাম শুনে জিভে জল চলে আসে সবারই। টক, মিষ্টি, ঝাল কত স্বাদেরই না হয় এই আচার। নানা রকম ফল দিয়ে আচার তৈরি করা যায়। চালতা সেরকমই একটি ফল। চালতার আচার তৈরিতে বামেলাও কম।

রইলা রেসিপি -

উপকরণ :-

চালতা- ১টি (বড়), রসুন- ২ কোয়া (কুঁচি), শুকনা মরিচ- ৫/৬টি, পানির স্ফোজন- ২ চা চামচ, হলুদ- আধা চা চামচ, সরিষার তেল- ১/৩ কাপ, চিনি ও লবণ- স্বাদ মতো।

প্রণালি : চালতার খোসা ছাড়িয়ে টুকরা

আচারের নাম শুনে জিভে জল চলে আসে সবারই। টক, মিষ্টি, ঝাল কত স্বাদেরই না হয় এই আচার। নানা রকম ফল দিয়ে আচার তৈরি করা যায়। চালতা সেরকমই একটি ফল। চালতার আচার তৈরিতে বামেলাও কম।

রইলা রেসিপি -

উপকরণ :-

চালতা- ১টি (বড়), রসুন- ২ কোয়া (কুঁচি), শুকনা মরিচ- ৫/৬টি, পানির স্ফোজন- ২ চা চামচ, হলুদ- আধা চা চামচ, সরিষার তেল- ১/৩ কাপ, চিনি ও লবণ- স্বাদ মতো।

প্রণালি : চালতার খোসা ছাড়িয়ে টুকরা

আচারের নাম শুনে জিভে জল চলে আসে সবারই। টক, মিষ্টি, ঝাল কত স্বাদেরই না হয় এই আচার। নানা রকম ফল দিয়ে আচার তৈরি করা যায়। চালতা সেরকমই একটি ফল। চালতার আচার তৈরিতে বামেলাও কম।

রইলা রেসিপি -

উপকরণ :-

চালতা- ১টি (বড়), রসুন- ২ কোয়া (কুঁচি), শুকনা মরিচ- ৫/৬টি, পানির স্ফোজন- ২ চা চামচ, হলুদ- আধা চা চামচ, সরিষার তেল- ১/৩ কাপ, চিনি ও লবণ- স্বাদ মতো।

প্রণালি : চালতার খোসা ছাড়িয়ে টুকরা

আগরণ আগরতলা ২৪ ফেব্রুয়ারি, ২০২৫ ইং, ■ ১১ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ, সোমবার

মন কি বাতে ওবেসিটি, খাবারে তেলের ব্যবহার কমানোর পরামর্শ প্রধানমন্ত্রীর

নয়াদিল্লি, ২৩ ফেব্রুয়ারি (হি.স.): ‘মন কি বাত’ অনুষ্ঠানের ১১৯-তম পর্বে বক্তব্য রাখলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। রবিবার মন কি বাত অনুষ্ঠানে স্বাস্থ্য সম্পর্কে দেশবাসীকে সজাগ করার সঙ্গে সাদেই দিয়েছেন ভোজ্য তেল খাওয়া ১০ শতাংশ কম করার পরামর্শ দেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, “ফিট ও স্বাস্থ্যকর পেশ গড়ে তুলতে ওবেসিটির (মেদ বৃদ্ধি) সমস্যা সবচেয়ে বড় অন্তরায় হচ্ছে। গবেষণা অনুযায়ী, প্রতি ৮ জনের মধ্যে একজন ওবেসিটির সমস্যায় ভুগছেন। গত কয়েক বছরে ওবেসিটির সমস্যা বেড়েছে। তবে সবচেয়ে বেশি চিন্তার বিষয় হল, শিশুদের মধ্যে ওবেসিটির সমস্যা ৪ গুণ বেড়েছে।”

মৌদী বলেন, “খাবারে তেলের ব্যবহার কমানো এবং স্থূলতা মোকাবেলা করা কেবল ব্যক্তিগত পছন্দ নয় বরং পরিবারের প্রতি এটা আমাদের দায়িত্বও। খাবারে অতিরিক্ত তেলের ব্যবহার হৃদরোগ, ডায়াবেটিস এবং উচ্চ রক্তচাপের মতো অনেক রোগের কারণ হতে পারে। আমাদের খাদ্যাভ্যাসে ছোট ছোট পরিবর্তন এনে আমরা আমাদের ভবিষ্যৎকে আরও শক্তিশালী, সুস্থ এবং রোগমুক্ত করতে পারি।’

বাংলার সাংস্কৃতিক ঐতিহ্যের পরম্পরা

অক্ষুণ্ণ রাখতে আলোচনাচক্র

কলকাতা, ২৩ ফেব্রুয়ারি (হি. স.): বাংলার সাংস্কৃতিক ঐতিহ্যকে সামনে রেখে দেশের ঐতিহ্যশালী সংস্কৃতি ও ভাষা উভয় ঐতিহ্য অক্ষুণ্ণ রাখতে রবিবার আলিপুরে জাতীয় গ্রন্থাগারের ড. শ্যামাপ্রসাদ মুখার্জি ভাষা ভবনের তৃতীয় তলের কনফারেন্স রুমে এক আলোচনা সভার আয়োজন করা হয়। এদিনের সভায় বিভিন্ন ক্ষেত্রের গবেষক এবং লেখক ও উপস্থিত বক্তারা তাদের সূচিত্তিত মতামত ও বক্তব্যে গুরুত্বপূর্ণ তথ্য দিয়ে বাংলা ও ভারতবর্ষের ইতিহাস ও তার ঐতিহ্যের পরম্পরাকে তুলে ধরেছেন। আলোচনাচক্রে স্বাধীনতা আন্দোলন থেকে শুরু করে দেশ গড়া ইত্যাদি বিষয়েও আলোকপাত করা হয়। তৎকালীন সময় মানুষের উপর নিপীড়ন, মরিকর্পাঁপির কাহিনী ও এমন বিভিন্ন বিষয় বিশ্লেষণ করেছেন একাধিক গবেষক ও লেখক।

দলীয় কর্মীদের হুঁশিয়ারি বাঁকুড়ার তৃণমূল সভাপতির

বাঁকুড়া, ২৩ ফেব্রুয়ারি (হি. স.): দলের মধ্যেই বেইমান-বিশ্বাসঘাতক রয়েছে হাজার একথর করে দিতে হবে। গোষ্ঠী স্বল্পে জেরবার দলের নেতাকর্মীদের উদ্দেশ্যে এভাবেই হুঁশিয়ারি দিলেন তৃণমূলের জেলা সভাপতি অরূপ চক্রবর্তী। বাঁকুড়া সাংগঠনিক জেলা তৃণমূল সভাপতি অরূপ চক্রবর্তী বাঁকুড়ার বিকনা হাইস্কুল মাঠে একটি সভায় বক্তব্য রাখতে গিয়ে এই হুঁশিয়ারি দেন। এই সভায় দলীয় কর্মীদের উদ্দেশ্যে অরূপবাবু বলেন, “ দলে অনেক বেইমান বিশ্বাসঘাতক আছে। এরা তৃণমূলের ছাত্তার তলায় থেকে ভোটের আগে বিশ্বাসঘাতকতা করে। ভোটের আগে যারা জোড়ামুণের বিরুদ্ধে গুজুব- গুজুর ফুসুর-ফুসুর করেন তাদের নিয়ে একথর করে দেবেন।” দলের একাংশের প্রতি তাঁর এমন মন্তব্য নিয়ে কটাক্ষ করতে ছাড়দিন বিজেপি। বিজেপি নেতা সুভাষ সরকার বলেন, টাকা-পয়সার ভাগাভাগি নিয়ে তৃণমূলের অন্দরে কোন্দল এমন জাগরায় পৌঁছেছে যে কর্মীদের মধ্যে নানুতন বিশ্বাসযোগ্যতা টুকুও নেই। অরূপবাবর এই হুঁশিয়ারি সেই কারনেই।

বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ
জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।
বিজ্ঞাপন বিভাগ
জাগরণ

জরুরী পরিষেবা

হাসপাতাল : জিবি : ২৩৫-৫৮৮৮ আইজিএম : ২৩২-৫৬০৬, টি এম সি : ৩৩৭ ০০৪৪ চকুব্যাক : ৯৪৩৬৪৬২৮০০। আ্যুহলেপ : একতা সংস্থা : ৯৭৭৪৯৯৮৯৯৬ ব্লু লোটাস ক্লাব : ৯৪৩৬৫৬৮২৫৬, শিবপুর মার্গার্ণ ক্লাব : ও আমার তরুণ দল : ২৫১-৯৯০০, সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় : ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৪৪৮ কর্ণেল চৌমুহনী যুব সংস্থা : ৯৮৬২৫৭০১১৬/সহিত্য ক্লাব : ৮৭৯৪১ ৬৮২৮১, অনীক ক্লাব : ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, রামকৃষ্ণ ক্লাব : ৮৭৯৪১৬৮৮১ শতদল সংঘ : ৯৮৬২৭৬৪৭৮০, ব্রহ্মতি সংঘ(পূর্ব আড়ালিয়া) : ৯৭৭৪১৬৬৬২, রেডক্রস সোসাইটি : ২৩১-৯৬৭৮, টিয়ারটিসি : ২৩২৫৬৮৫, এগিয়ে চলো সংঘ : ৯৪৩৬১২১৪৮৮, লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় : ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, মানব ফিউর্ডেশন : ২৩৬১০০। টাইটন্ড লাইন : ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘণ্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি : ২৩৫-৬২৮৮ (পি বি এন্ড), আইজিএম : ২৩২-৫৭৩৬, আই এল এস : ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ কনসোপলিটন ক্লাব : ৯৮৫৬০ ৩৩৭৭৬, শববাহী যান : নব অঙ্গীকার ৮৭৯৪১৫৪৩১১, সেন্ট্রাল রোড যুব সংস্থা : ৭৬৪২৮৪৪৬৫৬ বটতলা নাগেরজলা স্ট্যাড ডেভেলোপমেন্ট সোসাইটি : ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০৪২৩, সমাজ স্কয়ার ক্লাব : ৯৭৭৪৬৭০২৪২, সংযোগ সংঘ : ৯৪৩৬১৬৬৫২১, ৯৮৫৬৮৬৭১২০, ব্লু লোটাস ক্লাব : ৯৪৩৬৫৬৮২৫৬, ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট : ২৩৮-৫৮৫২, ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন : ২৩৮-৬৪২৬, রিলিভার্স : ৮৮৭৭০৫৯৫৯৮, কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন : ৮৯৭৪৫৮১৮১০, ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি : ২৩৮১১৮৮, ৯৪৩৬৪৬৯৬৪৪৪, সূর্য তোারণ ক্লাব(দুর্গা চৌমুহনী) : ৮৭২৯৯১১২৩৬, আগস্কৃত ক্লাব : ৭০০৫৪৪০০০৫/৯৪৩৬৫৯৮৯১, ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন : ৮২৫৬৯৯৭ বাহারয়ার সার্ভিস : প্রধান স্টেশন : ১০১/২৩২-৫৬৩০, বাহারয়ার : ১০১/২৩৭-৪৩৩৩, কুঞ্জবন : ২৩৫-৩১০১, মহারাজগঞ্জ বাজার : ২৩৮ ৩১০১ পুলিশ : পশ্চিম থানা : ২৩২-৫৭৬৫, পূর্ব থানা : ২৩২-৫৭৭৪, আমতলী থানা : ২৩৭-০৩৫৮, এয়ারপোর্ট থানা : ২৩৪-২২৫৮, সিটি কর্টোল : ২৩২-৫৭৮৪, বিদ্যুৎ : বনমালীপুর : ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। দুর্গা চৌমুহনী : ২৩২-০৭৩০, জিবি : ২৩৫-৬৪৪৮। বড়দেওয়ালী : ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ আইজিএম : ২৩২-৬৪০৫। বিমানবন্দর এয়ার ইন্ডিয়া : ২৩৪১৯০২, ৩৩৪-২০২০, এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর : ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, ইন্ডিয়া : ২৩৪-১১৬৩, স্পাইস জেট : ২৩৪-১৭৭৮, রেল সার্ভিস : রিজার্ভেশন : ২৩২-৫৫৩০ আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং : ২৩২-৫৬৮৫। আগরতলা রেলস্টেশন : ০৩৮১-২৩৭৪৫১৫।

রামঠাকুর সেবা মন্দিরের অফিস কার্যালয়ের নতুন ভবনের শুভ দারোৎঘাটন করলেন বিধায়িকা কল্যানী রায়

নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২৩ ফেব্রুয়ারি: তেলিয়ামুড়াহিত রামঠাকুর সেবা মন্দিরের অফিস কার্যালয়ের নতুন ভবনের শুভ দারোৎঘাটন হল রবিবার ত্রিপুরা বিধানসভার মুখ্যসচেষ্টক তথা বিধায়িকা কল্যাণী সাহা রায়ের হাত ধরে উদ্বোধন হয় নতুন ভবনের। তেলিয়ামুড়াহিত রামঠাকুর সেবা মন্দিরের পুরানো এই সেবা মন্দিরের অফিসগৃহটি দীর্ঘ বছর একটি অস্থায়ী গৃহ থেকে পরিচালিত হয়ে আসছিল। আশ্রম কর্তৃপক্ষ বিধায়িকার নিকট আর্জি করার সাথে সাথেই উনি উনার বিধায়ক উন্নয়ন তহবিল থেকে অর্থ প্রদান করার ব্যবস্থা করেন। ফলে অতি অল্প সময়ের মধ্যেই সুবিধামুক্ত একটি নতুন অফিসগৃহ গড়ে তুলতে সক্ষম হয়। রবিবার এক অনুষ্ঠানের মধ্য দিয়ে এর ধারোদখাটন করা হয়। এই অনুষ্ঠানে বিধায়িকা ছাড়াও উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারম্যান রুপক সরকার, রাজ্য রামঠাকুরের ভক্তদের নিয়ে গঠিত কমিটির রাজ্য সম্পাদক, তেলিয়ামুড়া আশ্রমের সম্পাদক সভাপতি সহ অন্যান্যরা। এখন থেকে এই নতুন কার্যালয়ের মাধ্যমেই আশ্রমের সমস্ত কাজ পরিচালনা করা হবে। বিধায়িকা উনার আলোচনায় বলেন, উনি উনার বিধায়ক উন্নয়ন তহবিলের অর্থ সমাজের সকল অংশের মানুষের উন্নয়নের জন্যই খরচ করার ব্যবস্থা করে আসছেন। তেলিয়ামুড়া বিধানসভা এলাকার সার্বিক উন্নয়ন কর্ত্তে এই অর্থ, যা সকল ধরনের প্রতিষ্ঠান থেকে শুরু করে শিক্ষা স্বাস্থ্য, রাস্তাখাট, পানীয়জল সমস্ত ক্ষেত্রেই উনার সহযোগিতা করার প্রচেষ্টা রয়েছে।

মৌমাছি পালনের মাধ্যমে মধু সংগ্রহ করে স্বনির্ভর সুবল মালাকার

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ ফেব্রুয়ারি: মৌমাছি পালনের মাধ্যমে মধু সংগ্রহ করে সুবল মালাকার আজ স্বনির্ভরতা অর্জন করেন। দুর্গা চৌমুহনী রকের অধীন কুচাইমালা পঞ্চায়তের মালাকার পাড়ার বাসিন্দা সুবল মালাকার ।একটা সময় সুবল মালাকার স্ত্রী সহ দুই ছেলে মেয়েকে নিয়ে অভাব অনটনে মধ্যে দিয়ে দিন অতিবাহিত করতো। গত ৩৪ বছর আগে ইচ্ছাশক্তিকে কাজে লাগিয়ে সরকারি সাহায্যে শুরু করেন মৌমাছি পালন। ধাপে ধাপে মৌমাছি পালনের মাধ্যমে মধু সংগ্রহের প্রশিক্ষণ নেন আগরতলা কৃষি কলেজ ও ধলাই জেলার দুর্গা চৌমুহনী আরডি ব্লকে। মৌমাছি পালনে নানা সময়ে আর্থিক বাধা আসলেও পিছুপা হয়নি। বর্তমানে ৩৫ টি মৌমাছি বস্কে মৌমাছি পালন করে মধু সংগ্রহ করছেন সুবল বাবু। বর্তমানে প্রতি কেজি মধু ১ হাজার টাকা দরে বিক্রি করছেন। বছরে কম করে আয় করছেন ৯০ হাজার থেকে ১ লক্ষ টাকা।

স্ত্রী সহ এক মেয়ে ও এক ছেলে কে নিয়ে এখন ভালভাবে সংসার চলাছে। প্রতিদিন ঘুম থেকে উঠে মৌমাছির বয়গুলি পরিচর্যা করেন সুবল বাবু সহ উনার পরিবার।

প্রজাপিতা ব্রন্সাকুমারি ঈশ্বরীয় বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে শান্তি শোভাযাত্রার সূচনা করলেন মেয়র

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ ফেব্রুয়ারি: প্রজাপিতা ব্রন্সাকুমারি ঈশ্বরীয় বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে শিব জয়ন্তী উপলক্ষে শান্তি শোভাযাত্রা অনুষ্ঠিত হয় রবিবার। প্রজাপিতা ব্রন্সাকুমারি ঈশ্বরীয় বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে শিব জয়ন্তী উপলক্ষে শান্তি শোভাযাত্রা অনুষ্ঠিত হয়। আড়ালিয়াস্থিত প্রজাপিতা ব্রন্সাকুমারিয়া ঈশ্বরী বিশ্ববিদ্যালয়ের প্রাঙ্গন থেকে রেলিগ সূচনা হয়। যার শুভ সূচনা করেন আগরতলা পৌরনিগমের মেয়র দীপক মজুমদার।

এছাড়াও উপস্থিত ছিলেন প্রজাপিতা ব্রন্সাকুমারি ঈশ্বরিয় বিশ্ববিদ্যালয়ের নেতৃত্বর। র্যালিগকে কেন্দ্র করে শান্তিপ্রিয় মানুষের মধ্যে ব্যাপক উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হয়।

ভারতকে ২৪২ রানের লক্ষ্য দিল পাকিস্তান

কলকাতা, ২৩ ফেব্রুয়ারি (হি.স.): প্রথম ম্যাচে নিউজিল্যান্ডের কাছে হেরে রবিবারের ম্যাচটা পাকিস্তানের কাছে ছিল ড় অর ডাই ম্যাচ। এদিন হারলেই পাকিস্তানের চ্যাম্পিয়ন্স ট্রফি থেকে বিদায় নিতে হবে। এরকম অবস্থায় টসে জিতে প্রথমে ব্যাট করে খুব বড় সংগ্রহ করতে পারেনি মোহাম্মদ রিজওয়ানের দল। প্রথম ইনিংসে শেষে ভারতকে ২৪২ রানের লক্ষ্যমাত্রা দিয়েছে পাকিস্তান।

উদ্বোধনী জুটিতে ৪১ রান যোগ করেন বাবর আজম এবং ইমাম উল হক। তবে বাবর আজম বৃষ্টি ইনিংসে খেলতে পারেননি। তিনি ২৫ বলে ২৩ রান করে হার্ডিক পাণ্ডিয়ার বলে আউট হন। বাবরের বিপর্যয়ে পরের ওভারে অস্কার প্যাটেলের সুন্দর গ্লোতে ইমাম উল হক ফেরেন রান আউট হয়ে। পাওয়ারপ্লেতে ২ উইকেট হারিয়ে ৫২ রান করে পাকিস্তান তৃত্বীয় উইকেটের জুটিতে অধিনায়ক মোহাম্মদ রিজওয়ান এবং সৌদ শাকিল ১১৪ রানের জুটি গড়েন। ৭৭ বলে ৪৯ রান করেন রিজওয়ান। আর ৭৬ বলে ৬২ রান করে আউট হন সৌদ। এরপর ১৫ রানের ব্যবধানে ৩ উইকেট হারানোর পর ষষ্ঠ উইকেটে একটি জুটি গড়ার চেষ্টা করেন সালামনা আযা এবং খুশদিল শাহ। তবে কুলদীপ যাদবের শিকার হয়ে সালামনা ফিরলে ৫৫ রানের এই জুটি ভেঙে যায়। ২৪ বলে ১৯ রান করে আউট হন ইনফর্ম সালামনা। সালামনা আউট হওয়ার পরের বলেই আউট হন শাহানি আফ্রিদি। পাকিস্তানের দলীয় সংগ্রহ তখন ২০০।

এরপর শেষের দিকের ব্যাটারদের নিয়ে খুসদিল পাকিস্তানকে ২৪১ রানে ফির্টিয় যান। ৩৯ বলে ৩৮ রান করে শেষ ওভারে আউট হন খুশদিল। নাসিম শাহ ১৬ বলে করেন ১৪ রান।

ভারতের হয়ে ৩ উইকেট নিয়েছেন কুলদীপ যাদব। ২ উইকেট নিয়েছেন হার্ডিক পাণ্ডিয়া। আর একটি করে উইকেট নিয়েছেন হরিত রানা, অক্ষর প্যাটেল এবং রবীন্দ্র জাদেজ।

এআই সেক্টরে তরুণদের

●**প্রথম পাতার পর**

বাঘের পূজা করেন। তাদের জন্য এই অঞ্চলে মানুষ-প্রাণীর দ্বন্দ্ব প্রায় নেই বললেই চলে। একইভাবে, গুজরাটে, স্থানীয় জনগণ গির এ এশিয়াটিক সিংহদের রক্ষা ও সংরক্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এই নিবেদিতপ্রাণ প্রচেষ্টার কারণে, গত কয়েক বছরে বাঘ, চিতাবাঘ, এশিয়াটিক সিংহ, গভার এবং হরিণের সংখ্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে।”

অপরদিকে, উত্তরাঞ্চ ও এখন দেশের শক্তিশালী ক্রীড়া শক্তি হিসেবে আবির্ভূত হচ্ছে। জোর দিয়ে বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। রবিবার মন কি বাত অনুষ্ঠানের ১১৯-তম পর্বে প্রধানমন্ত্রী মোদী বলেছেন, উত্তরাঞ্চও অনুষ্ঠিত জাতীয় গেমসে সমগ্র দেশ থেকে ১১ হাজারের বেশি ক্রীড়াবিদ দুর্গাট পারফর্ম করেছেন। এই অনুষ্ঠানটি দেবভূমির একটি নতুন সংস্করণ উপস্থাপন করেছে।

প্রধানমন্ত্রী আরও বলেছেন, উত্তরাঞ্চও এখন দেশের একটি শক্তিশালী ক্রীড়া শক্তি হিসাবে আবির্ভূত হচ্ছে। এটি অবியং প্রজন্মকে অনুপ্রাণিত করে এবং শ্রেষ্ঠত্বের সস্কৃতিকেও প্রচার করে। এই গেমগুলিতে সর্বাধিক স্বর্ণপদক জেতার জন্য সার্ভিসেস দলকে আমার অভিনন্দন।

কলসীমুড়ায় বিএসএফ”র সিভিক এ্যকশান প্রোগ্রাম অনুষ্ঠিত

নিজস্ব প্রতিনিধি, বঙ্গনগর, ২৩ ফেব্রুয়ারি:বিএসএফ ৪৯ নম্বর ব্যাটেলিয়নের উদ্যোগে কলসীমুড়ায় সিভিক একশান প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। রবিবার সকাল এগারো ঘটিকার সময় নগর দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের মাঠে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ছিলেন বিএসএফের ৪৯ নম্বর ব্যাটেলিয়নের কমান্ডেন্ট অজিত কুমার, ব্যাটেলিয়নের টুআইসি আনন্দ আরজু, ডেপুটি কমান্ডেন্ট গৌরব কুমার, কলসীমুড়া পঞ্চায়তের প্রধান, উপপ্রধান সহ প্রশাসনের অন্যান্য আধিকারিকগন।

এদিনে অনুষ্ঠানের সূচনালগ্নে আলোচনা রাখতে গিয়ে কমান্ডেন্ট অজিত কুমার বলেন আমাদের দেশ রক্ষার্থে সীমান্ত এলাকায় সীমান্তরক্ষী বাহিনী জেয়ানদের সাথে স্থানীয়ভাবে লোকজনদের সহযোগিতার মনোভাব থাকতে হবে। স্থানীয়ভাবে যদি জেয়ানরা তাদের কর্তব্য পালনের ক্ষেত্রে সহযোগিতা না পায় তাহলে জেয়ানদের প্রক্ষে দায়িত্ব পালন অনেকটা কঠিন হয়ে দাড়ায়। পাশাপাশি তিনি বলেন গ্রামের লোকজন খেলা তথা দরিদ্র পরিবার থেকে অনেক ছাত্রছাত্রী লেখাপড়া করতে গিয়ে বিভিন্ন সমস্যায় সমুখীন হতে হচ্ছে। তাই তাদের দারিদ্রতার কথা বিবেচনা করে এদিনে নগর দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের বিভিন্ন ক্লাসের ছাত্রছাত্রীদের হাতে লেখাপড়া এবং খেলাধুলার বিভিন্ন সরনাম তোলে দেওয়া হয়। পাশাপাশি গ্রামের বিভিন্ন যুবক- যুবতি সহ বয়োবৃদ্ধদের হাতেও রকমারি সরনাম তোলে দেওয়া হয়। সব মিলিয়ে এদিনে মোট বাইশ ধরনের রকমারি আইটেম ছাত্রছাত্রী সহ বিভিন্ন শ্রেণির মানুষের হাতে ছোলে দেওয়া হয়। তবে বিএসএফ কর্তৃক এমন অনুষ্ঠানে এলাকার মানুষ বিশেষ উপকৃত হন।

মা উষা চেরিটেবল ট্রাস্টের উদ্যোগে ইন্দ্রনগরে স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ ফেব্রুয়ারি:মা উষা চেরিটেবল ট্রাস্টের উদ্যোগে আজ ইন্দ্রনগর মসজিদ সংলগ্ন এলাকায় এক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। এই স্বাস্থ্য শিবিরে রোগীদের বিভিন্ন রক্ পরীক্ষার পাশাপাশি বিনামূল্যে রোগীর চিকিৎসা প্রদান ও গুণ্ডয দেওয়া হয়। ১১০ জন রোগি এই চিকিৎসা পরিষেবা গ্রহণ করেন বলে জানিয়েছেন মা উষা চেরিটেবল ট্রাস্টের কর্ণার ডক্টর সুশান্ত রায়।

তিনি বলেন এই ধরনের স্বাস্থ্য শিবির রাজ্যের বিভিন্ন জায়গায় ট্রাটে উদ্যোগে করা হচ্ছে, আগামী দিনও হবে। এই স্বাস্থ্য শিবিরে রোগীদের চিকিৎসা পরিষেবা প্রদানে অশে নেন ডক্টর রজত ভৌমিক, ডক্টর রজত দত্ত ডঃ সৌমেন ভৌমিক, ডঃ সংঘমিতা পাল, ডক্টর কুহেলি পাল।

আমাদের জন্য অত্যন্ত

●**প্রথম পাতার পর**

‘আয়োজিত মন কি বাত কার্যক্রমে অংশ নিয়ে মুখ্যমন্ত্রী ডাঃ সাহা বলেন, প্রধানমন্ত্রীর মন কি বাত শোনার জন্য আমরা প্রতি মাসের শেষ রবিবার প্রায়ত্ন অপেক্ষা করি। পৃথিবীর এমন কোন রাষ্ট্র নেই যেখানে কোন প্রধানমন্ত্রী এভাবে দেশের মানুষের সঙ্গে যোগসূত্র রাখার চেষ্টা করেননি। কিন্তু আমাদের যশস্বী প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সেই কাজটা করে যাচ্ছেন। এখানে দেশের বিভিন্ন বিষয় তুলে ধরেছেন তিনি। সেই সাথে সাধারণ মানুষের সঙ্গে এভাবে যোগসূত্র স্থাপন আমরা রাষ্ট্র থেকে দেখতে পাই নি। আজ তিনি ক্রিকেট সম্পর্কেও কথা বলেছেন। ক্রিকেটে অনেকে সো্ধুরি করেন। কিন্তু ইসরোর পক্ষ থেকে ১০০তম রকেট উৎক্ষেপণ সম্পর্কে আমরা অনেকে জানি না। আজ প্রধানমন্ত্রী সেই তথ্যও সারা ভারতবর্ষকে জানিয়েছেন। এজন্য তাকে ধন্যবাদ জানাই। এবার ত্রিপুরায় অনুষ্ঠিত এনইসির প্র্যানারী অধিবেশনে যোগ দিতে এসেছিলেন ইসরোর চেয়ারম্যানও।

মুখ্যমন্ত্রী বলেন, আগে ত্রিপুরাকে অনেকে জানতেন না, চিনতেন না। এবার পরীক্ষা পে চর্চা কার্যক্রমে ত্রিপুরার বিশ্লোনিয়ার একটি ছেলের সঙ্গে সবচাইতে বেশি কথা বলেছেন প্রধানমন্ত্রী। সেই ছেলোটি প্রধানমন্ত্রীর সামনে ত্রিপুরা সম্পর্কে খুবই ভালোভাবে উপস্থাপন করেছে। আর ত্রিপুরার কথা শুনেইই এক অনারকম আগে চলে আসে প্রধানমন্ত্রীর। এদিন চন্দ্রায়ন, মদনায়ন সহ বিভিন্ন স্যাটেলাইটের কথাও বলেছেন প্রধানমন্ত্রী, যা উনার সময়কালে হয়েছিল।

বিজ্ঞানের প্রতি আকর্ষিত হলেই আমাদের ছেলেকেন্দ্রেরও বিজ্ঞানের প্রতি আকর্ষিত করতে পারবে। এছাড়াও আই ই বা আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স সম্পর্কেও বলেছেন প্রধানমন্ত্রী। কিছুদিন আগে প্যারিস সমিটে গিয়ে এ আই এর ভালো ও মন্দ দিক নিয়েও কথা বলেছেন। আগামী ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস খুব ভালোভাবে উদ্‌যাপনের কথাও বলেছেন তিনি।

আলোচনা করতে গিয়ে মুখ্যমন্ত্রী আরো বলেন, এদিন প্রধানমন্ত্রী উল্লেখিক নিয়েও কথা বলেছেন। বিশেষ করে অ্যাথলিট ও ক্রীড়াবিদদের উৎসাহ বৃদ্ধি করার উপরে বিশেষ গুরুত্ব দিয়েছেন। মানুষের শারীরিক সুস্থতা নিয়েও কথা বলেছেন। সুস্থ থাকার জন্য ব্যায়ামের উপরও গুরুত্ব রেখেছেন। শরীরের জন্য ক্ষতিকারক এমন খাবার খাওয়া উচিত নয়। শরীর ঠিক থাকলে সবকিছু ঠিক থাকবে। তাই প্রধানমন্ত্রী মন কি বাত কার্যক্রমে দেশবাসীর উদ্দেশ্যে সুস্থ থাকার বার্তা দিয়েছেন। সমাজের ভালো করার জন্য প্রতি মাসের শেষ রোববারে বার্তা দিয়ে থাকেন। ছাত্রছাত্রীদের পড়াশুনার চাপ নিয়েও কথা বলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। তিনি বলছেন, বইকে জিতবে নাকি জীবনকে জিতবে। এটা খুবই একটা গুরুত্বপূর্ণ বিষয়। শুধু বই নিয়ে থাকলাম, কিন্তু জীবন থেকে কিছু পেলাম না। তবে সামনের দিকে কোনদিন এগিয়ে যাওয়া সম্ভব নয়।

মুখ্যমন্ত্রী বলেন, মন কি বাত কার্যক্রমে বাস্তবত্বের ভারসাম্য বজায় রাখার উপর গুরুত্ব তুলে ধরেনেন প্রধানমন্ত্রী। আমাদের ত্রিপুরায় ৭০ শতাংশ এলাকায় বনভূমি রয়েছে। এজন্য আমাদের কাছে প্রচুর পরিমাণে অগ্নিজনন রয়েছে। অন্যান্য জায়গায় তুলনায় আমাদের পরিবেশও অনেক ভালো। আমি এখান থেকে এবারের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীদের কভেছা জ্ঞাপন করছি। মন কি বাত কার্যক্রম আমাদের জন্য একটা অত্যন্ত গৌরবময় এপিসোড। এই কার্যক্রমে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আসেন প্রধানমন্ত্রী। এখাা থেকে বসে আমরা সারা ভারতবর্ষ সম্পর্কে জানতে পারলাম। আর সেটা সম্ভব হয়েছে আমাদের যশস্বী প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির জন্য। আজকের এপিসোড থেকেও আমরা অনেক কিছু জানলাম শিখলাম। মানুষের জন্য, মানুষের কল্যাণে কাজ করার অঙ্গিকার নিয়ে এই সরকার আমাদের দিকে এগিয়ে চলাছে। আর সবক্ষেত্রে স্বচ্ছতা বজায় রেখে চলাতে হবে।

এই কার্যক্রমে উপস্থিত ছিলেন ভারতীয় জনতা পার্টির প্রদেশ সম্পাদক তথা মন কি বাত কার্যক্রমের ইনচার্জ রতন ঘোষ, বিধায়ক মীনা দাগী সরকার, সদর আরবন জেলার সভাপতি অসীম ভট্টাচার্য, কর্পোরেটর বাপি দাস সহ অন্যান্য কার্যকর্তাগণ।

শৌকজ

●**প্রথম পাতার পর**

নয়, এর আগেও বিদ্যালয় পরিদর্শনের সময় বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধিকর্তা বেশ কয়েকটি প্রতিষ্ঠানে শৃঙ্খলা ও সমন্বয়ন্বর্তিতার অভাব লক্ষ্য করেছেন এবং তা সংশোধনে কঠোর ব্যবস্থা গ্রহণ করেছেন। তিনি স্পষ্ট বার্তা দিয়েছেন যে বিদ্যালয়ের প্রশাসনিক কাঠামোকে আরও শক্তিশালী করতে এবং শিক্ষা পরিবেশকে শৃঙ্খলাবদ্ধ রাখতে দায়িত্বপ্রাপ্ত সবাইকে যথাযথ সমন্বয়ন্বর্তিতা ও কর্মনিষ্ঠার পরিত্য দিতে হবে। বিদ্যালয়গুলির সার্বিক কার্যকারিতা ও শৃঙ্খলা রক্ষায় এই ধরনের আকস্মিক পরিদর্শন ও কড়া প্রশাসনিক পদক্ষেপ ভবিষ্যতেও চলাবে বলে দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে।

মাছ নিয়ে দুই গোষ্ঠীর প্রকাশ্যে লড়াই গান্ধীগ্রামে

●**প্রথম পাতার পর**
সভাপতির গোষ্ঠীর লোকেরা এসে অকথা ভাষায় গালিগালাজ শুরু করে বলে অভিযোগ। তারাও মাছ ধরতে ব্যস্ত হয়ে যায়। এমন সময় উত্তর গান্ধীগ্রাম পঞ্চায়েতের ৫ নং ওয়ার্ডর মনোদীত সদস্য শংকর দাশ মাছ ধরতে নামতেই শুরু হয় সংঘর্ষ। দুই গোষ্ঠীর সংঘর্ষে উত্তপ্ত হয়ে উঠে গান্ধীগ্রাম এলাকা।

উত্তর জেলায় গৃহকর্তাকে

●**প্রথম পাতার পর**

কালো কাপড় দিয়ে ঢাকা। তাদের হাতে ছিল বন্দুক ও ভুজালি। ডাকাতরা দ্রুত সোনা-রুপা ও নগদ অর্থ লুট করে পালিয়ে যায়।

ঘটনার খবর পেয়ে চুরাইবাড়ী থানার পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছে দতন্ত শুরু করেছে। উপস্থিত ছিলেন মহকুমা পুলিশ আধিকারিক বি. জোরিনপুইয়া, সহকারী পুলিশ সুপার জেরিমিয়া ডারলং এবং পুলিশ সুপার অভিলাস রাই। বিশাল পুলিশ বাহিনী ও ত্রিপুরা স্টেট রাইফেলস (টিএসআর) মোতায়েন করা হয়েছে। পাশাপাশি ফরেনসিক দলকে খবর দেওয়া হয়েছে, যাতে প্রমাণ সংগ্রহ করে তদন্তের গতি ত্বরান্বিত করা যায়। এই ভয়াবহ ডাকাতির ঘটনায় গোটা এলাকাজুড়ে তীব্র আতঙ্ক ও শোক সৃষ্টি হয়েছে। পুলিশ ইতোমধ্যে দুর্ভুক্তীদের শনাক্তকরণ ও প্রেপ্তারের জন্য ব্যাপক তরাস্থি শুরু করেছে।

রাজ্যে ৯ লাখ ১৮ হাজার

●**প্রথম পাতার পর**

বিবেচনায় মজুরি বাড়ানোর দাবিতে দেশব্যাপী আন্দোলনের পাশাপাশি একে বাস্তবায়িত করার প্রক্ষে কেন্দ্রীয় বাজেটে অর্থের সংস্থান করার বিকল্প প্রস্তাবও কেন্দ্রীয় অর্থমন্ত্রীর নিকট তুলে ধরেছিলেন। প্রধানমন্ত্রী মোদি বা দেশের অর্থমন্ত্রী কেউই এই দাবি এবং প্রস্তাবে কনপাত করেননি। এই প্রস্তাবিত বাজেটেও রেগা প্রকল্পে বরাদ্দ বাড়ায়নি।

বিবৃতিতে আরো লেখা হয়, আমাদের রাজ্যেও ভয়াবহ বেকার সমস্যা শ্রমজীবী এবং কৃষিজীবী জনগণের কাজের সংকট মজুরি কমে যাওয়া উপরন্তু ভয়াবহ মূলাবৃদ্ধি। ফলে আমরা প্রদেশ কংগ্রেস দাবি জানিয়ে আসছিলাম রেগায় ২০০ দিনের কাজ এবং মজুরি ন্যূনতম ৫০০ টাকা করা। এতো কার্যকরী করেইনি উপরন্তু দেখা গেছে, কেন্দ্রীয় গ্রামোন্নয়ন দফতরের পোটাল থেকে আমাদের রাজ্যেও ২১ লক্ষ ২২ হাজার ১২৯ জন শ্রমিক যারা রেগা আইনে নিখুঁতুক্ত ছিল এ থেকে ৯ লক্ষ ১৮ হাজার ৩২৮ জনের নাম রেজিস্ট্রেশন থেকে বাদ দেওয়া হয়েছে। এর মধ্যে অধিকাংশই হচ্ছে আদিবাসী সম্প্রদায়ের মানুষ। এরা এডিসি এলাকার বসবাসকারী। বাদ যাওয়া তালিকাভুক্তদের মধ্যে সার্বিক সংখ্যাই হচ্ছে ধলাই জেলা। এই জেলাতেই বাদ পড়া শ্রমিকের সংখ্যা ১ লক্ষ ৬৮ হাজার ৮৩২ জন। অথচ রেগা আইনে পিছিয়ে থাকা জেলা হিস



ফুলবাড়ীকান্দি যুবসমাজ ও গ্রাম পঞ্চায়েতের উদ্যোগে অনুষ্ঠিত ফুটবল টুর্নামেন্টের সেরার শিরোপা দখল করল বাবুরবাজার ডিলার অ্যাসোসিয়েশন

নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ২৩ ফেব্রুয়ারি : কৈলাসহর মহকুমার অধীন ফুলবাড়ীকান্দি যুবসমাজ ওগ্রাম পঞ্চায়েতের উদ্যোগে অনুষ্ঠিত ফুটবল টুর্নামেন্টের আজ ছিল ফাইনাল ম্যাচ। শিরোপা অর্জন করে বাবুরবাজার ডিলার অ্যাসোসিয়েশন। উনকোটি জেলা কৈলাশহর, কৈলাশহর ফুলবাড়ীকান্দি যুবসমাজ এবং গ্রাম পঞ্চায়েতের যৌথ উদ্যোগে অনুষ্ঠিত হয় ফুটবল টুর্নামেন্ট। উক্ত ফুটবল টুর্নামেন্ট উদ্বোধন হয়েছিল গত ২৬ জানুয়ারি ২০২৫। দল বাছাই, সেমিফাইনাল শেষে আজ ছিল ফাইনাল অর্থাৎ চূড়ান্ত ম্যাচ। আজকের এই ম্যাচটি অনুষ্ঠিত হয় ফুলবাড়ীকান্দি ক্ষেত্রের মাঠে। খেলা অনুষ্ঠিত হয় বিকাল তিন ঘটিকায়। আজকের এই খেলা অনুষ্ঠিত হয় বাবুরবাজার ডিলার অ্যাসোসিয়েশন এবং কৈলাসহর কনক পুর গ্রাম পঞ্চায়েতের আশরাফ হারন

একাদশ এই দুটি দলের মধ্যে। টানটান উত্তেজনায় খেলাটি অনুষ্ঠিত হয়। খেলাটি পরিচালনা করেন স্বনামধন্য রেফারি সুমন্ত পাল। প্রাথমস্ত হয়ে ওঠে ফুলবাড়ীকান্দি খেলার মাঠ। খেলার প্রথমার্ধে কনকপুর হারুন একাদশ একটি গোল করে এগিয়ে থাকলেও কিছুক্ষণ পর এ গোল পরিশোধ করে ফেলে বাবুর বাজার ডিলার অ্যাসোসিয়েশন। প্রথমার্ধের বিরতির পর দ্বিতীয়ার্ধে আরও একটি গোল করে দুই এক গোলে জয়লাভ করে বাবুর বাজার ডিলার এসোসিয়েশন। আনন্দে বাজি ফটকা ফুঁটিয়ে আনন্দ উল্লাসে মেতে উঠে বাবুর বাজার ডিলার অ্যাসোসিয়েশনের সমর্থকরা। চ্যাম্পিয়ন ট্রফি এবং নগদ চল্লিশ হাজার টাকা অর্জন করে বাবুর বাজার ডিলার এসোসিয়েশন। অন্যদিকে রানার্স ট্রফি এবং নগত ২৫ হাজার টাকা অর্জন করে নে

কনকপুর হারুন আশরাফ একাদশ। এদিকে উক্ত খেলায় বিশেষ সাহায্যের হাত বাড়িয়ে দে সপ্তগুড়া সামাজিক সংস্থা এবং নিউজ ত্রিপুরা চ্যানেল ও দৈনিক জাগরণ পত্রিকা। খেলা উপভোগ করতে দর্শকদের উপস্থিতি ছিল লক্ষণীয়, ফলে এক অনারকম উন্মাদনা লক্ষ্য করা গেছে। দর্শকদের মাঝে একে একে বিজয়ী এবং রানার্স দলদের প্রতি পুরস্কার তুলে দেন আমন্ত্রিত অতিথিবৃন্দ। আজকের এই ফুটবল খেলা উপভোগ করতে মাঠের পাশে ফুটবল খেলা দেখতে-দেখা যায় ৫৩ বিধানসভা কেন্দ্রের বিধায়ক বিশিষ্ট সমাজসেবী বিরজিং সিনহাকে। উপস্থিতি ছিলেন বিশিষ্ট সমাজসেবী বিশ্বরূপ গোস্বামী, পাশাপাশি উপস্থিত ছিলেন সমাজসেবী ডাক্তার সাইফুল ইসলাম ফুলবাড়ীকান্দি গ্রাম পঞ্চায়েতের প্রাক্তন প্রধান সুমন্ত মিয়া ঐ পঞ্চায়েতের বর্তমান

আগরতলা কোচিং সেন্টারের বিদায় তরুণ সংঘ ও ব্লাডমাউথ সেমিফাইনালে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। ৮ উইকেটে দুর্দান্ত জয় পেয়েছে তরুণ সংঘ। হারিয়েছে আগরতলা কোচিং সেন্টার কে। টিসিএ আয়োজিত সিনিয়র মহিলা আমন্ত্রণ মূলক এক দিবসীয় ক্রিকেট টুর্নামেন্টের সুপার সিদ্ধ এর খেলায়। পরপর দুই ম্যাচে পরাজয়ের কারণে আগরতলা কোচিং সেন্টারের ছিটকে যেতে হয়েছে টুর্নামেন্ট থেকে। এদিকে, ব্লাডমাউথ ক্লাব এবং তরুণ সংঘ দু-দলেরই সেমিফাইনালে খেলা নিশ্চিত হয়েছে। তালতলা স্কুল ক্রিকেট রবিবার সকালে ম্যাচ শুরুতে টন জিতে তরুণ সংঘ প্রথমে বোলিংয়ের সিদ্ধান্ত নেয়। আগরতলা কোচিং সেন্টার ব্যাটিংয়ের আমন্ত্রণ পেলেও তেমন নেপুণ্য দেখাতে পারেনি। ৩৬.৪ ওভার খেলে ৬৮ রানে ইনিস শেষ করলে, জ্বাবে তরুণ সংঘ ১২.২ ওভার খেলে দুই উইকেট হারিয়েই জয়ের প্রয়োজনীয় রান সংগ্রহ করে নেয়। বোলিংয়ে তরুণ সংঘের প্রিয়াঙ্কা সাহা ১৭ রানে চারটি উইকেট তুলে নিয়ে প্রতিপক্ষকে রুখে দেওয়ার পাশাপাশি প্লেয়ার অব দ্যা ম্যাচের খেতাবও পায়। এছাড়া, শিউলি চক্রবর্তী ২২ রানে তিনটি এবং সুলক্ষণা রায় একটি উইকেট পেয়েছেন। ব্যাটিংয়ে বিজয়ী দলের সুলক্ষণা রায়ের ১৬ রান এবং অমিতা দেবনাথের ১৪ রান এবং বিজিত আগরতলা কোচিং সেন্টারের এঞ্জেল পালের ১৫ রান উল্লেখ করার মতো ছিল।

ফেডারেশন কাপ বডিবিল্ডিংয়ে ত্রিপুরার প্রথম মহিলা রীতা নাগের স্বর্ণপদক জয়

ক্রীড়া প্রতিিনিধি, আগরতলা।। রাজ্য ক্রিকেট দলকে

আইসিএ দপ্তর ও জে আর সি-র বন্ধুত্বপূর্ণ ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৩ ফেব্রুয়ারি।। জয়ের ধারা অব্যাহত রেখেই চলেছে জানার্লিস্ট রিক্রিয়েশন ক্লাবের সদস্যরা। এবারও হারালো তথা ও সংস্কৃতি দপ্তরের ক্রিকেট টিমকে। রবিবার ভোলাগিরি স্টেডিয়াম গ্রাউন্ডে জেআরসি দল বন্ধুত্বপূর্ণ-প্রীতি ক্রিকেট ম্যাচে মুখোমুখি হয় তথা ও সংস্কৃতি দপ্তর রিক্রিয়েশন টিমের। দারুণ বিষয় হলো টসে জয়লাভ করে তথা ও সংস্কৃতি দপ্তর দলের অধিনায়ক তথা অধিকর্তা বিশ্বাসীর ভট্টাচার্য ম্যাচে প্রথমে ব্যাটিংয়ের সিদ্ধান্ত নেয়। ব্যাট করতে নেমে তথা ও সংস্কৃতি দপ্তরের ব্যাটসম্যানরা নির্ধারিত ১৬ ওভারে ৬ উইকেটের বিনিময়ে স্কোরবোর্ডে সংগ্রহ করে ৭৩ রান। ব্যাট হাতে তথা সংস্কৃতি দপ্তরের পক্ষে সশুভীপ মজুমদার ১৩, বিশ্বাসীর ভট্টাচার্য ৪, মানিক মালীকার ৮, পার্থ প্রতিন চক্রবর্তী ১২, জিবেশ দেববর্মী ৯, দেবশীঘ দাস অপরাজিত ৭, মৃগাল কাউন্ড ভৌমিক ১, গৌতম বণিক অপরাজিত ৩ রান সংগ্রহ করেন। জেআর সি-র হয়ে বিবেদ্যু দে ৮ রান দিয়ে ৩টি উইকেট তুলে নেয়। এছাড়া, অধিনায়ক অভিষেক দে, প্রসেনজিৎ সাহা ও বিশ্বজিৎ দেবনাথ প্রত্যেকে একটি করে উইকেট পেয়েছেন। জয়ের ম্যাচে জে আর সি-র সামনে টার্গেট দাঁড়ায় ৭৪ রানের। ব্যাট করতে নেমে যদিও শুরুটা নড়বড়ে হয়

জেআরসি-র। তবে পরবর্তীতে মাঠে নেমে বিস্কুপদ বণিক ও অভিষেক দেববর্মা জুটি এবং পরে দিব্যেদ্যু দে ও বিশ্বজিৎ দেবনাথ দারুণ ব্যাটিংয়ের মহড়া তুলে ধরে। দিব্যেদ্যু ও অভিষেক একদমই সাবনীল মেজাজে ব্যাট করে ১০.৪ ওভারে জয়ের রান হারিল করে নেয়। ব্যাটে অর্নির্বাধি হয় ১, বিস্কুপদ বণিক ১৪, অভিষেক দেববর্মা ১৬, অভিষেক দে ৪, তাপস দেব ৪, দিব্যেদ্যু দে অপরাজিত ৬ এবং বিশ্বজিৎ দেবনাথের অপরাজিত ১৪ রান দলকে জয় এনে দিতে সক্ষম হয়। বলে তথা ও সংস্কৃতি দপ্তরের পক্ষে সশুভীপ মজুমদার ১৩ তামে ২টি উইকেট পেলেও গৌতম বণিক, রমেন ঘোষ ও তপোজিৎ চক্রবর্তী প্রত্যেকে পেয়েছেন একটি করে উইকেট। এছাড়া, দু-দলের হয়ে প্রজিত চক্রবর্তী, সুব্রত দেবনাথ, মেঘধন দেব, মিন্টন ধর, বাপন দাস প্রত্যেকে মাঠে দারুণ খেলা উপহার দিয়েছেন। খেলা শুধুর প্রাক মুহূর্তে জেআরসি-র পক্ষ থেকে সহ-সভাপতি অর্নির্বাণ দেব তথা ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিশ্বাসীর ভট্টাচার্যকে স্মারক উপহারের সংবর্ধিত করেন। ম্যাচের পর হলো পুরস্কার বিতরণী অনুষ্ঠান। প্লেয়ার অফ দ্যা ম্যাচের সূদৃশ্য ট্রফি পেয়েছেন জে আর সি-র দিব্যেদ্যু দে। রানার্স দল তথা ও সংস্কৃতি দপ্তরের খেলোয়াড়দের হাতে ট্রফি তুলে দিলেন জে আর

সি-র সভাপতি সুপ্রভাত দেবনাথ এবং সম্পাদক অভিষেক দে। পরবর্তীতে চ্যাম্পিয়ন দল জে আর সি-র হাতে সুদৃশ্য চ্যাম্পিয়ন ট্রফি তুলে দিলেন তথা ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিশ্বাসীর ভট্টাচার্য। দিনটি এক দারুণ পরিবেশের মধ্য দিয়ে অতিবাহিত করলেন দুই দলের অধিকর্তা বিশ্বাসীর ভট্টাচার্য বললেন, এই ম্যাচ খেলে তিনি এবং দপ্তরের সকল ক্রিকেটার স্টাফরা সত্যিই আনন্দিত। হাজারো কর্মব্যস্ততার মধ্যে এ ধরনের বিনোদনমূলক খেলাধুলার মাধ্যমে এক বা একাধিক ছুটির দিন অতিবাহিত করার যথেষ্ট গুরুত্ব রয়েছে। এমন ম্যাচ যাতে আগামীতে আরও হয় তারও প্রত্যাশা ব্যক্ত করলেন তিনি। জে আর সি-র অধিনায়ক অভিষেক দে বললেন, ক্রিকেটটা তো শুধু একটা বাহানা, এই বন্ধুত্বপূর্ণ-প্রীতি ম্যাচের মধ্য দিয়ে দুই দলের মধ্যে যে এক অনাবিল সম্পর্ক বিরাজ করছে, তা আগামী দিনেও অটুট থাকবে। জেআরসি-র সভাপতি সুপ্রভাত দেবনাথ সংক্ষিপ্ত বক্তৃতায় দু-দলের খেলোয়ারদের পাশাপাশি আম্পায়ার কৃষ্ণপদ মজুমদার এবং রাজা চক্রবর্তী সহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

আজ থেকে অল ইন্ডিয়া পুলিশ ফুটবল চ্যাম্পিয়নশিপ

ক্রীড়া প্রতিিনিধি, আগরতলা।। ত্রিপুরা যেন ফুটবল জুরে আক্রান্ত। পাঁচটি সাব ডিভিশনে ছড়িয়ে ছিটিয়ে এখন শুধু সাজো সাজো রব। প্রস্তুতি পর্ব চূড়ান্ত। আগামীকাল থেকে শুরু হচ্ছে ৭৩ তম বি.এন মল্লিক মেমোরিয়াল অল ইন্ডিয়া পুলিশ ফুটবল চ্যাম্পিয়নশিপ ২০২৫। এবারকার এই আয়োজনের মূল উদ্যোক্তা ত্রিপুরা পুলিশ। রাজধানী আগরতলার পাশাপাশি জিরানিয়া, মোহনপুর, জম্পুইজলা, এবং উদয়পুরস্থিত স্টেডিয়ামে অ্যাস্ট্রোটার্ফ মাঠে সর্বভারতীয় স্তরের পুলিশ দলগুলোর জাতীয় ফুটবল অল ইন্ডিয়া ক্রিকেট অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে অংশগ্রহণকারী সব ক-টি রাজ্য দল তথা পুলিশ ইউনিট এই টুর্নামেন্টে উপলক্ষে আগরতলায় পি রেখেছেন। জাতীয় আসরের নিয়ম অনুযায়ী নির্দিষ্ট সময় আসেই পুরুষ ও মহিলা উভয় বিভাগের

সর্বভারতীয় তথা অল ইন্ডিয়া পুলিশ ফুটবল চ্যাম্পিয়নশিপের ক্রীড়া সূচিও ঘোষণা করা হয়েছে। সর্বভারতীয় স্তরের এই প্রতিযোগিতায় পুরুষ ও মহিলা পৃথক পৃথক দুটি বিভাগে টুর্নামেন্ট অনুষ্ঠিত হবে। আগামীকাল উদ্বোধনী দিনে আগরতলার উমাকান্ত মিনি স্টেডিয়ামে বেলা আড়াইটায় মিজোরাম বনাম উত্তরপ্রদেশের পুরুষ মল্লিগের ম্যাচ দিয়ে টুর্নামেন্টের সূচনা হবে। বিকেল সাড়ে চারটায় একই মাঠে মহিলা বিভাগের প্রথম ম্যাচে আসাম রাইফেলস এবং মহারাষ্ট্র পরস্পরের মুখোমুখি হবে। জিরানিয়ায় এস এন কলোনির এই মেগা আসরে বিভিন্ন রাজ্য এবং ইউনিটের হয়ে খেলতে এসেছেন। প্রতিটি মাঠেই এই টুর্নামেন্টের আঙুলো সবার জন্য উন্মুক্ত। এই মেগা ইভেন্টে সৃষ্ট ভাবে সম্পন্ন হবে বলে উদ্যোক্তারা আশা প্রকাশ করছেন।

শ্রীমন, রিহানের অলরাউন্ড পারফরম্যান্সে সহজ জয় পেয়ে গ্রুপ শীর্ষে উদয়পুর

উদয়পুর - ২০১/৭

শান্তির বাজার - ২৭

ক্রীড়া প্রতিিনিধি, আগরতলা।। জয়ের ধারা অব্যাহত রেখে কেয়ার্চার ফাইনালের পক্ষে শক্তিশালী উদয়পুর মহকুমা। রবিবার শান্তিরবাজার মহকুমাকে ১৭৪ রানের বড় ব্যবধানে পরাজিত করে টানা দুই ম্যাচে জয় পেলে উদয়পুর মহকুমা। অপারদিকে টানা দুই ম্যাচে পরাজিত হয়ে কাারাত আসর থেকে ছিটকে গেল শান্তিরবাজার মহকুমা। রাজ্য অনূর্ধ্ব ১৩ ক্রিকেটে। মহকুমার রঞ্জেনগণর স্কুল মাঠে অনুষ্ঠিত ম্যাচে উদয়পুরের হয়ে শ্রীমন দেবনাথ দুরন্ত ব্যাট করে। শ্রীমনের দায়িত্বশীল ব্যাটিংয়ে উদয়পুর মহকুমা নির্ধারিত ৪০ ওভারে সাত উইকেট হারিয়ে ২০১ রান করে। দলের পক্ষে শ্রীমন দেবনাথ ৭৫ পাঁচটি ওভার বাউন্ডারির সাহায্যে ৯০, বিপ্রজিত দাস ৩৫ বল খেলে চারটি বাউন্ডারির সাহায্যে ত্রিশ,

দেবজিৎ দেব ২৬ বল খেলে দুটি বাউন্ডারির সাহায্যে ২২ এবং রিহান আক্তার ৬২ বল খেলে দুটি বাউন্ডারি সাহায্যে ২১ রান করে। দল অতিরিক্ত খেতে পায় ২৪ রান। শান্তিরবাজার মহকুমার পক্ষে অরবিন্দু যোগী ২৬ রানে পাঁচটি এবং মিলিসন রিয়াজ ৫১ রানে দুটি উইকেট দখল করে। জ্বাবে খেলতে নেমে রিহান আক্তারের

রঞ্জি সেমিফাইনালে বিতর্ক, গুজরাতের কাণ্ডে বিরক্ত কেরল

গুজ্বার রঞ্জি ট্রফির ফাইনালে উঠেছে কেরল। প্রথম বার রঞ্জির ফাইনালে উঠেছে তারা। কিন্তু সেই ম্যাচের একটি সিদ্ধান্ত নিয়ে খুশি নন কেরলের জলজ সাক্ষোনা। গুজরাতের পিন্দার রবি বিম্বোইয়ের মাথায় বল লেগেছিল। তাঁর বদলে কনকাশন সাব হিসাবে দলে নেওয়া হয় হেমাঙ্গ পটেলকে। কিন্তু তিনি পেসার অলরাউন্ডার। সিন্ডে নিয়েই বিতর্ক। ইংল্যান্ডের বিরুদ্ধে ভারতীয় দল কনকাশন সাব হিসাবে শিবম দুবের বদলে হর্ষিত রানাকে দলে নিয়েছিল। অলরাউন্ডারের বদলে নেওয়া হয়েছিল পেসারকে। এ বার রঞ্জিতেও তেমনই ঘটল।

সিনিয়র মহিলা আমন্ত্রণ মূলক ক্রিকেটে মৌচাকেরও সেমিফাইনালে খেলা নিশ্চিত

মৌচাক ক্লাব -১৬৮ ইউনাইটেড ফ্রেন্ডস - ৮৬

ক্রীড়া প্রতিিনিধি, আগরতলা।। সেমিফাইনালে খেলা মৌচাকেরও নিশ্চিত হয়েছে। চতুর্থ যে দলটি সেমিফাইনালে খেলেবে, তা নির্ভর করছে আগামীকাল এগিয়ে চল সংঘ বনাম ইউনাইটেড ফ্রেন্ডস এর ম্যাচের ফলাফলের উপর। যে দল জয়ী হবে তারাই সেমিফাইনালে পৌঁছবে।

ব্লাড মাউথ ক্লাব ও তরুণ সংঘের মতো সেমিফাইনালে পৌঁছে গেলে মৌচাক ক্লাবও সুপার সিঙ্গেল টানা দুই ম্যাচে জয়লাভ করে। রবিবার ইউনাইটেড

ফ্রেন্ডসকে ৮২ রানে পরাজিত করলেো মৌচাকক্লাব। রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত সিনিয়র মহিলাদের আমন্ত্রণমূলক এক দিবসীয় ক্রিকেটে। এদিন পুলিশ ট্রেনিং একাডেমি মাঠে অনুষ্ঠিত হয় ম্যাচটি।

সকালের টসে জয়লাভ করে প্রথমে ব্যাট করতে নেমে মৌচাক ক্লাব ১৬৮ রান করে। দলের পক্ষে প্রিয়াংকা আচার্য ৩৪ বল খেলে ছয়টি বাউন্ডারির সাহায্যে ৩৯,প্রিয়া সূত্রধর ৪৯ বল খেলে তিনটি বাউন্ডারির সাহায্যে ২৬, পূজা দাস

২১ বল খেলে দুটি বাউন্ডারির সাহায্যে ১৫, ভূমিকা নায়ক ৪৭ বল খেলে একটি বাউন্ডারির সাহায্যে ১২ এবং মৌটসী দে ৩৫ বল খেলে দুটি বাউন্ডারির সাহায্যে ১১ রান করেন। দল অতিরিক্ত খেতে পায় ৪২ রান। ইউনাইটেড

ফ্রেন্ডসের পক্ষে আলিজা দেববর্মা ১৪ রানে, সুরভী রায় ২৫ রানে তিনটি করে এবং নিকিতা দেবনাথ ১৯ রানে দুটি উইকেট দখল করেন। জ্বাবে খেলতে নেমে মৌচাকের বোলারদের আটোসাটে বোলিংয়ে

ইউনাইটেড ফ্রেন্ডস মাত্র ৮৬ রান করতে সক্ষম হয়। দলের পক্ষে দলনারিকা সুরভি রায় ৪৭ বল খেলে ৫ টি বাউনডারির সাহায্যে ৩২ এবং অক্ষিতা পাটারি ৪৯ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায্যে ১৫ রান করেন।

দলের আর কোনও ব্যাটসম্যান দুই রানে রানে পা রাখতে পারেননি। দল অতিরিক্ত খােতে পায় ১২ রান। মৌচাক ক্লাবের পক্ষে অনুষ্ণ শীল ১৪ রানে ৪ টি এবং হিরামণি রায় ১৬ রানে ২ টি উইকেট দখল করেন।

লংতরাইভ্যালিকে হারিয়ে জয় দিয়ে লীগ অভিযান শুরু তেলিয়ামুড়ার

তেলিয়ামুড়া - ১০৬

লংতরাইভ্যালি -৮০

ক্রীড়া প্রতিিনিধি, আগরতলা।। জয় দিয়ে গ্রুপ লিগ আসর শুরু করলো তেলিয়ামুড়া মহকুমা। নিজেদের প্রথম ম্যাচে তেলিয়ামুড়া ২৬ রানে পরাজিত করলে লংতরাইভ্যালি মহকুমাকে। রাজ্য অনূর্ধ্ব- ১৩ ক্রিকেটে। মহকুমার কলেজ স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচে তেলিয়ামুড়া মহকুমার গড়া ১০৬ রানের জ্বাবে লংতরাইভ্যালি মহকুমা ৮০ রান করতে সক্ষম হয়। বিজয়ী দলের জয় দাস তিনটি উইকেট দখল করে। এদিকে পরপর দুই ম্যাচে পরাজিত হয়ে লংতরাইভ্যালি মহকুমা কাারাত ছিটকে যাওয়ার পথে। এদিন সকালে প্রথমে ব্যাট করার সুযোগ পেয়ে তেলিয়ামুড়া মহকুমা ১০৬ রান করে ৩৬.২ ওভারে। দলের পক্ষে অয়ন রুস্ত পাল ৫৩ বল খেলে চারটি বাউন্ডারির সাহায্যে একত্রিশ, জয়ন্তু চৌধুরী ২৩ বল খেলে একটি বাউন্ডারির সাহায্যে পানের, সূর্য রায় দশ বল খেলে দুটি

বাউন্ডারির সাহায্যে এগারো এবং অনিকেত সিনহা ৩২ বল খেলে একটি বাউন্ডারির সাহায্যে ১০ রান করে। দল অতিরিক্ত খাতে পায় ২১ রান। লংতরাইভ্যালি মহকুমার পক্ষে ব্যাল্জি ত্রিপুরা ২৬ রানে তিনটি এবং শুভম বড়ুয়া তিন রানে দুটি উইকেট দখল করে। জ্বাবে খেলতে নেমে লংতরাইভ্যালি মহকুমা ৮০ রান করতে সক্ষম হয়। দলের পক্ষে শুভজিৎ বড়ুয়া ৪৯ বল খেলে দুটি বাউন্ডারির সাহায্যে বাইশ, আকাশ চাকমা ১৩ বল খেলে একটি বাউন্ডারি ও একটি ওভার বাউন্ডারির সাহায্যে ১৪ এবং জ্যাকসন ত্রিপুরা ১৭ বল খেলে একটি বাউন্ডারির সাহায্যে ১০ রান করে। তেলিয়ামুড়া মহকুমার পক্ষে জয় দাস ১১ রানে তিনটি, পৃথ্বীরাজ দাস ১০ রানে এবং রাজদীপ পাল এগারো রানে দুটি করে উইকেট দখল করে।

রাজ্য ক্রিকেটে শুভজিৎ, রাজদীপের অর্ধশতরান জিরানিয়াকে হারিয়ে খোয়াইয়ের জয় অব্যাহত

খোয়াই -২২৮/৫

জিরানিয়া - ৮৮

ক্রীড়া প্রতিিনিধি, আগরতলা।। জয়ের ধারা অব্যাহত রেখে দুর্বার গতিতে এগিয়ে চলছে খোয়াই মহকুমা। পীৃথ্ব দেবে তত্ত্বাবধানে মহকুমার ক্রিকেটারদের মধ্যে জয়ের খিদের কাব্যত জেগে গেলে। টানা দুই ম্যাচে জয়লাভ করে আপাতত গ্রুপ শীর্ষে খোয়াই মহকুমা। রাজ্য অনূর্ধ্ব ১৩ ক্রিকেটে। মহকুমার ভগৎ সিং মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচে রবিবার খোয়াই মহকুমা ১৪০ রানে পরাজিত করে জিরানিয়া মহকুমাকে।বিজয়ী দলের শুভজিৎ কুরি ৭৫ রান করে। অপারদিকে টানা দুই ম্যাচে পরাজিত হয়ে কাারাত আসর থেকে ছিটকে গেল অনুপম দে-৭১ দল জিরানিয়া মহাকুমা। এদিন সকালে টসে জয়লাভ করে প্রথম ব্যাট করতে নেমে খোয়াই মহকুমা নির্ধারিত চল্লিশ ওভারে পাঁচ উইকেট হারিয়ে

২২৮ রান করে। দলের পক্ষে শুভজিৎ কুরি ১০৩ বল খেলে দশটি বাউন্ডারির সাহায্যে ৭৫, রাজদীপ দেবনাথ ৫৯ বল খেলে সাতটি বাউন্ডারি ও চারটি ওভার বাউন্ডারির সাহায্যে ৬৯ এবং চয়ন পাল ৩৬ বল খেলে চারটি বাউন্ডারি সাহায্যে ৩৩ রান করে। দল অতিরিক্ত খেতে পায় ৩৪ রান। জিরানিয়া মহকুমার পক্ষে সুমিত দাস চল্লিশ রানে দুটি উইকেট দখল করে। জ্বাবে খেলতে নেমে পরাজিত করে বোলারদের সাঁড়াশি আক্রমণের মূল্যে মাত্র ৮৮ রানে গুটিয়ে যায় জিরানিয়া মহকুমা। দলের পক্ষে বাধন দাস ২৫ বল খেলে পাঁচটি বাউন্ডারির সাহায্যে ২৬ , শুভনীল সাহা ৩১ বল খেলে তিনটি বাউন্ডারির সাহায্যে ১৬ এবং অক্ষিত দাস সাত বল খেলে একটি বাউন্ডারি ও একটি ওভার বাউন্ডারির সাহায্যে

১০ রান করে। দল অতিরিক্ত খেতে পায় ২০ রান। খোয়াই মহকুমার পক্ষে বিজয় দেব ১০ রানে,

বিপুল মজুমদার স্মৃতি সুপার ডিভিশনের তিনটি ম্যাচ আজ

ক্রীড়া প্রতিিনিধি, আগরতলা।। টিসিএ আয়োজিত বিপুল মজুমদার মেমোরিয়াল সুপার ডিভিশন ক্রিকেট টুর্নামেন্টে আগামীকাল (সোমবার) তিন মাঠে তিনটি ম্যাচ অনুষ্ঠিত হচ্ছে। আপাতত এগিয়ে সংহতি ক্লাব এ ম্যাচে জয় পেয়ে। এক ম্যাচ কম জিতে সংহতির ঘাড়ে নিশ্বাস ফেলছে ব্লাড মাউথ। এই অবস্থায় খেতাবের দৌড়ে এগিয়ে যেতে জয় ছাড়া বিকল্প কোনও পথ নেই সংহতির সামনে। সোমবার হার্ডে ক্লাবের বিরুদ্ধে খেলবে সংহতি। টি আই টি মাঠে হবে ম্যাচটি। রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত বিপুল মজুমদার স্মৃতি সুপার ডিভিশন লিগ ক্রিকেটে। মেঘাঘরের শহীদ কাজল ময়াদনে অপস ম্যাচে ব্লাড মাউথ ক্লাব খেলবে দুর্বল ইউনাইটেড ফ্রেন্ডসর বিরুদ্ধে এবং এম বি বি স্টেডিয়ামে স্মৃলিঙ্গ ক্লাব খেলবে জে সি সি -৭ বিরুদ্ধে। আপাতত সংহতি ৫ টি, ব্লাড মাউথ ৪ টি, হার্ডে, জে সি সি এবং স্মৃলিঙ্গ ক্লাব ৩ টি করে ম্যাচে জয় পেয়েছে। ইউনাইটেড ফ্রেন্ডস এখনও জয়ের বিধ খুঁধ দেখতে পারেনি। ফলে অবনমন অনেকটাই নিশেত হয়ে গেছে ইউনাইটেড ফ্রেন্ডসের। ৬ দলই রবিবার শেষ প্রস্তুতি সেরে নেয়।

জয়দীপ দেব ১০ রানে তিনটি করে এবং শায়নদীপ সিং ১৫ রানে দুটি উইকেট দখল করে।



রবিবার দুইবিহে আয়োজিত ইন্ডিয়া পাকিস্তানের ম্যাচ পরিদর্শন করেন প্রাক্তন মুখ্যমন্ত্রী ও সাংসদ বিপ্লব কুমার দেব।

জয়ের কবিতা, কুনালের ভাষ্য আর রাজু বাউলের কণ্ঠ যাদুতে সম্পন্ন ত্রিপুরা লিটারেচার ফেস্টিভাল

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ ফেব্রুয়ারি। উড়ান আয়োজিত ত্রিপুরা লিটারেচার ফেস্টিভালের তৃতীয় দিনেও রাজ্যের সাহিত্যপ্রেমী মানুষের উপচে পড়া ভিড় আর উচ্ছ্বাস রাজ্যের সাহিত্যে রঙ্গনে যেন সু বাতাস ছড়িয়েছে। প্রথমবারের মতো আয়োজিত এই সাহিত্য উৎসব পরপর তিনদিন ধরে আগরতলার রবীন্দ্র শতাব্দীকী ভবনে যেন এক মহাকাব্যের রূপ নিয়েছে। সাহিত্য প্রেমীরা বলছেন, গোটা দেশের এবং বিশেষ করে সাহিত্যিকদের এমন সম্মেলন, আর এমন আয়োজন এর আগে ত্রিপুরায় কেউ কখনো দেখেননি। উৎসবের তৃতীয় দিনে বিকেল সাড়ে চারটায় অনুষ্ঠানের সূচনা হয় হিন্দি সাহিত্যের দিক পাল সাহিত্যিক অরুণ কল, রাজ্যের শক্তিময় কবি অশোক দেব, পশ্চিমবঙ্গ থেকে আগত বিশিষ্ট কবি বিনায়ক বন্দ্যোপাধ্যায়, উত্তর অনিবার্ণ গাঙ্গুলী ও ভীষ্মদেব স্মৃতি পুরস্কার বিজয়ী গল্পকার পারিজাত দত্তের উপস্থিতিতে। তাঁদের আলাচনায় সাহিত্যপ্রেমী দর্শক-শ্রোতারার বাবর মুগ্ধ হন। এর পর 'বাংলা সাহিত্যের সেকাল-একাল' বিষয়ক আলোচনায় মঞ্চে আসেন দেশবরেণ্য চিকিৎসক ও সাহিত্যিক উত্তর কুনাল সরকার। তাঁর বক্তব্যে দর্শক-শ্রোতারার মনোমগ্ন হয়ে

শোনে বাংলা সাহিত্যের নানা দিক নিয়ে তাঁর বিশ্লেষণ। অনুষ্ঠান এগিয়ে চলার সাথে সাথে, হঠাৎ আলো জ্বলে ওঠে মঞ্চে, এবং দর্শকরা উঠে দাঁড়িয়ে অভিবাদন জানান বাংলা সাহিত্যের কিংবদন্তি কবি জয় গোস্বামীকে। তাঁকে উড়ান ত্রিপুরা লিটারেচার ফেস্টিভালের পক্ষ থেকে বরণ করে নেন সংগঠনের সভাপতি ডঃ সুমন্ত চক্রবর্তী, সম্পাদক ডঃ রণধীর রায়, সহ-সভাপতি সুভাষিণী বরুণ, বিপুল গোস্বামী, মুখ্য সম্পাদক শুভজিৎ ভট্টাচার্য, প্রসেনজিৎ সাহা, বাসুদেব রায় ও অন্যান্য সদস্যরা। জয় গোস্বামী বলেন, 'উড়ান' এবার ত্রিপুরার সাহিত্যচর্চায় এক নতুন ইতিহাস সৃষ্টি করেছে। এ উৎসব শুধু আয়োজনের গুণে নয়, নান্দনিকতায়ও এক অনন্য উচ্চতায় পৌঁছেছে, যা পশ্চিমবঙ্গের জন্যও অনুকরণীয় হতে পারে। তাঁর মতে, এ আয়োজনের রূপ ও পরিবেশ জয়পুর লিটারেচার ফেস্টিভালের অনুভূতিকে স্মরণ করিয়ে দেয়। উৎসবের সৌন্দর্য বাড়িয়ে তোলে বীরভূম থেকে আগত বহরপী সংস্কৃতিক দলের শিল্পীরা। তাঁরা রবীন্দ্র শতাব্দীকী ভবনের সামনে দাঁড়িয়ে অতিথি, অভ্যাগত ও রাজ্যের সাহিত্যিকদের নান্দনিক সৃষ্টির মাধ্যমে বরণ করেন। এই আয়োজন যেন এক মায়াজাল সৃষ্টি করে সবার মনে।

বিধায়ক তোফাজ্জল হোসেনের নেতৃত্বে অগ্নি নির্বাপক দপ্তরের শিলান্যাস বঙ্গনগরে

নিজস্ব প্রতিনিধি, বঙ্গনগর, ২৩ ফেব্রুয়ারি। আজ বঙ্গনগর বিধানসভা এলাকার বিধায়ক তোফাজ্জল হোসেনের নেতৃত্বে অগ্নি নির্বাপক দপ্তরের শিলান্যাস করা হয়। আজ দুপুর ৩টায় বঙ্গনগর এলাকার বিধায়ক তোফাজ্জল হোসেন এর হাত ধরে এলাকার মানুষের দীর্ঘদিন এর চাহিদার প্রতিফলন অবশেষে সফল হলো। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এলাকার বিধায়ক তোফাজ্জল হোসেন, পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সপা নমঃ মন্ডল সভাপতি অনিল চন্দ্র দাস, এলাকার ৮/১০ গ্রাম পঞ্চায়েতের প্রধানরা। এই অনুষ্ঠানের প্রথমে এলাকার কেন্দ্রীয় মসজিদ এর ছড়র সফিকুল ইসলাম মোগার মাধ্যমে সবার কাজ শুরু করেন। তারপর একজন বৈষ্ণব নারকেল ফাটিয়ে তার শুভ সূচনা করেন। তারপর আলোচনা করতে গিয়ে বিধায়ক বলেন যে, স্বাধীনতার ৭৫ বছর পরও এলাকার মানুষের ভেট নিয়েছেন বিভিন্ন সময়ে বিভিন্ন দলের নেতারা। কিন্তু তারা কোনদিন এলাকার মানুষের অধিকারগুলো এনে দিতে সক্ষম হয়নি। কিন্তু বিজেপি আমলে মানুষের আশা আকাঙ্ক্ষা পূর্ণ হচ্ছে। তিনি বলেন, যদি ভুল করি আমাকে ভুলটা দেখিয়ে দেবেন, আর আমি যদি কাজ না করি আমি বলছি আমাকেও ভেট দিনেন না, এটাই আমার প্রতিজ্ঞা। আজ এই অনুষ্ঠানে জনসমগম ছিল লক্ষ্যীয়।

গোপন অভিযানে ১৩ কেজি গাঁজা সহ গ্রেপ্তার এক

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ ফেব্রুয়ারি। গাঁজা বিরোধী অভিযানে সাফল্য পেলে শ্রীনিগর থানার পুলিশ। শনিবার গভীর রাতে শ্রীনিগর থানার পুলিশ গোপন সূত্রের সংবাদের ভিত্তিতে জারুলবাছাই এলাকায় গাঁজা বিরোধী অভিযান চালায়। এই অভিযানের নেতৃত্ব দিয়েছিলেন এসডিপিও শংকর চন্দ্র দাস এবং শ্রীনিগর থানার ওসি ইন্দুপেক্টর দিলীপ দেববর্মা। পুলিশ এদিন জারুলবাছাই এলাকায় অভিযান চালিয়ে ৮ প্যাকেটে মোট ১৩ কেজি গাঁজা উদ্ধার করে। তার পাশাপাশি গাঁজা ব্যবসায়ী কিশোর দেববর্মাকে পুলিশ গ্রেপ্তার করে থানায় নিয়ে আসে। শনিবার রাতেই ধৃত গাঁজা ব্যবসায়ী কিশোর দেববর্মার বিরুদ্ধে শ্রীনিগর থানার পুলিশ এনডিপিএস মামলা নথিভুক্ত করে জিজ্ঞাসাবাদ চালিয়েছে। রবিবার ধৃত গাঁজা ব্যবসায়ীকে আদালতে প্রেরণ করা হয়।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের সংবর্ধনা



নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ ফেব্রুয়ারি। সোমবার থেকে শুরু হচ্ছে উচ্চ মাধ্যমিক এবং ২৫ ফেব্রুয়ারি থেকে শুরু হচ্ছে মাধ্যমিক পরীক্ষা। পরীক্ষার প্রাক্কালে পরীক্ষার্থীদের শুভেচ্ছা জানানো বিজেপি নেতৃবৃন্দ। ভারতীয় জনতা যুব মোর্চার উদ্যোগে ৭ রামনগর বিধানসভা কেন্দ্রের ১৭ নম্বর ব্লকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের আগামী ভবিষ্যতের শুভ কামনা করে শুভেচ্ছা তুলে দিলেন এলাকার বিধায়ক ও বিজেপি রাজ্য সভাপতি রাজী ভট্টাচার্য, যুব মোর্চার রাজ্য সভাপতি সুশান্ত দেব সহ অন্যান্যরা।

সাঁওতাল বিদ্রোহের নেতা কানু মুর্মাকে স্মরণ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ ফেব্রুয়ারি। অল ইন্ডিয়া জন অধিকার সুরক্ষা কমিটি ত্রিপুরা শাখার উদ্যোগে সাঁওতাল বিদ্রোহের নেতা কানু মুর্মুর ১৭০তম শহীদ দিবস পালন করা হয় উজ্জয়ন্ত প্যালেসের সামনে। সাঁওতাল বিদ্রোহের অন্যতম নেতা শহীদ কানু মুর্মুর ১৭০তম শহীদ দিবস আজ, যা রাজ্যে যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে। এ উপলক্ষে উজ্জয়ন্ত প্যালেসের সামনে শহীদ কানু মুর্মুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন অল ইন্ডিয়া জন অধিকার সুরক্ষা কমিটির কর্মকর্তারা। দিবসটির তাৎপর্য বিশ্লেষণ করে বিস্তারিত বক্তব্য রাখেন অল ইন্ডিয়া জন অধিকার সুরক্ষা কমিটির ত্রিপুরা রাজ্য শাখার আওয়াক মলিন দেববর্মা। তিনি বলেন, আজ থেকে ১৭০ বছর আগে সাঁওতাল জনগণের অধিকার সুরক্ষার জন্য আন্দোলন করতে গিয়ে শহীদ হয়েছিলেন কানু মুর্মু। তাকে স্মরণীয় করে রাখতেই আজ তার শহীদ দিবস পালন করা হয়।

কেন্দ্রীয় সংস্কৃত বিশ্ববিদ্যালয় একলব্য পরিসরে(আগরতলা) শিক্ষার্থীদের মহাকুস্ত অভিযান

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ ফেব্রুয়ারি। প্রফেসর শ্রীনিবাস বরখেন্ডির সক্রিয় উদ্যোগে, কেন্দ্রীয় সংস্কৃত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য, (নয়া দিল্লি) কেন্দ্রীয় সংস্কৃত বিশ্ববিদ্যালয়, একলব্য পরিসর (আগরতলা) থেকে ৪৮ জন ছাত্রের একটি দল মহাকুস্ত মেলায় অংশগ্রহণের জন্য রওয়ানা হয়। একলব্য পরিসরের অধ্যাপকমন্ডলী এবং সদস্যদের সাথে, সাংস্কৃতিক যাত্রার লক্ষে, শিক্ষার্থীদের ভারতের আধ্যাত্মিক এবং ভাষাগত ঐতিহ্যের একটি নিমজ্জিত অভিজ্ঞতা প্রদান করার অভিপ্রায়ে এই অভিযান সংঘটিত করা হয়। মহাকুস্ত মেলা, বিশ্বের বৃহত্তম আধ্যাত্মিক সমাবেশ হিসাবে খ্যাত। একটি জীবন্ত, গতিশীল পরিবেশে সংস্কৃত, বৈদিক আচার এবং ভারতীয় দর্শনের সমৃদ্ধ ঐতিহ্যের সাক্ষী হওয়ার জন্য শিক্ষার্থীদের আদর্শ প্রাতিফর্ম হিসাবে কাজ করবে। পণ্ডিত, সানু এবং বিশেষজ্ঞদের সাথে আলাপচারিতার মাধ্যমে, শিক্ষার্থীরা ধর্মীয় জ্ঞান, সংস্কৃতের গভীর-মূল তাৎপর্য এবং ভারতের প্রাচীন জ্ঞান সংরক্ষণের ভূমিকা অন্বেষণ করবে। প্রফেসর শ্রীনিবাস বরখেন্ডি অনুপ্রেরণায় পরিচালিত এই উদ্যোগ, শ্রেণীকক্ষের বাইরে সংস্কৃত শিক্ষার প্রচার এবং অভিজ্ঞতামূলক শিক্ষাকে উৎসাহিত করার জন্য কেন্দ্রীয় সংস্কৃত বিশ্ববিদ্যালয়ের প্রকৃষ্টিতর উপর জোর দেয়। এই ধরনের প্রচেষ্টা ছাত্রদের ভারতের সাংস্কৃতিক নীতির সাথে সংযোগ করতে এবং সমসাময়িক সমাজে সংস্কৃতের সংরক্ষণ ও প্রচার অবদান রাখতে উৎসাহিত করতে মাননীয় উপাচার্যের উদ্যোগের প্রশংসা করে, কেন্দ্রীয় সংস্কৃত বিশ্ববিদ্যালয়ের, একলব্য পরিসরের নির্দেশক প্রফেসর প্রভাত কুমার মহাপাত্র মন্তব্য করেছেন, "এই মহাকুস্ত অভিযান আমাদের শিক্ষার্থীদের জন্য সংস্কৃত ও ভারতীয় সংস্কৃতির জীবন্ত ঐতিহ্যের সাক্ষী হওয়ার এক অনন্য সুযোগ আমি আমার আন্তরিক ধন্যবাদ জানাই। আমি আমাদের ছাত্রদের

কৃষি এবং কিষান কল্যাণ মন্ত্রালয় ভারত সরকার

“আবহাওয়ার ঝুঁকি থেকে আমাদের পরিমিত কৃষক ভাই-বোনদের মঙ্গল সুরক্ষিত করার প্রধানমন্ত্রী ফসল বিমা যোজনা অত্যন্ত কার্যকর প্রমাণিত হয়েছে। এর সুফল কোটি-কোটি কৃষক পাচ্ছেন।”

- নরেন্দ্র মোদী, প্রধানমন্ত্রী

ফসল পেয়েছে সুরক্ষার আধার আমার পলিসি আমার হাতে

ফসল বিমা করাও, সুরক্ষা কবচ পাও

প্রধানমন্ত্রী ফসল বিমা যোজনার প্রাপ্তি

- 21.95 কোটি কৃষক ভাই-বোন এখনো পর্যন্ত পেয়েছেন ফসল বিমার লাভ
- ₹ 1.72 লাখ কোটির দাবির পেয়েই কৃষকদের করা হয়েছে
- 72.61 কোটির অধিক কৃষক আবেদন প্রাপ্ত

দেশব্যাপী হেল্পলাইন 14447

আপনার গ্রামে হতে চলা শিবিরে এইসব বিবরণের ওপর তথ্য প্রাপ্ত করুন:

- বিমা পলিসি, সরকারি নীতিসমূহ, জমি রেজিস্টার এবং দাবি আদায়ের আভিযোগ প্রতিকার
- কৃষকদের প্রশিক্ষণের জন্যে ফসল বিমা পাঠশালা

যোজনার সঙ্গে জড়িত অধিক তথ্যের জন্যে যোগাযোগ করুন

জানসেবা সেন্ট | কপ ইন্সুরেন্স অ্যাপ <https://play.google.com> | পোট অফিস | ব্যাঙ্ক শাখা

ফোন: ১৪২২৩৩৩৩৩৩৩ | ইমেইল: pmfby@nic.gov.in | ওয়েব: www.pmfby.gov.in